# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৮৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন বান্দা সফরের উদ্দেশ্যে বাহনে আরোহন করবে, তখন সে কী বলে আল্লাহর প্রশংসা করবে তার বিবরণ

ذِكْرُ مَا يَحْمَدُ الْعَبْدُ رَبَّهُ جَلَّ وَعَلَا عِنْدَ الرُّكُوبِ لِسَفَرٍ يُرِيدُهُ

আরবী

2687 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عَلِيِّ بْنِ رَبِيعَةَ قَالَ: شهدتُ عَلِيًّا أُتِيَ بِدَابَّةٍ لِيَرْكَبَهَا فَلَمَّا وَضَعَ رِجْلَهُ فِي الرِّكَابِ قَالَ: بِسْمِ اللَّهِ فَلَمَّا اسْتَوَى عَلَى ظَهْرِهِ قَالَ: الْحَمْدُ لِلَّهِ ثَلَاثًا ثُمَّ قَالَ: {سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ} إِلَى قَوْلِهِ: {وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ} [الزخرف: 13] ثُمَّ قَالَ: الْحَمْدُ لِلَّهِ ثَلَاثًا اللَّهُ أَكْبَرُ ثَلَاثًا سُبْحَانَكَ إِنِّي ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي إِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ ثُمَّ ضَحِكَ قُلْتُ: مِنْ أَيِّ شَيْءٍ ضَحِكْتَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ؟ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَنَعَ كَمَا صَنَعْتُ ثُمَّ ضَحِكَ فَقُلْتُ: مِنْ أَيِّ شَيْءٍ ضَحِكْتَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (إِنَّ رَبَّكَ لَيَعْجَبُ مِنْ عَبْدِهِ إِذَا قَالَ: رَبِّ اغْفِرْ لِي ذُنُوبِي قَالَ: عَلِمَ عَبْدِي أَنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ غَيْرِي)

الراوي : عَلِيّ الْأَسَدِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2687 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৬৮৭. আলী বিন রবি‘আহ থেকে বর্ণিত, তিনি বলেন, ‘‘আমি আলী রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে উপস্থিত ছিলাম। (সফরের নিমিত্তে) আরোহন করার জন্য তাঁর কাছে বাহন আনা হয়। অতঃপর যখন তিনি জিনের রেকাবে পা রাখেন, তখন তখন ‘বিসমিল্লাহ’ বলেন। অতঃপর যখন ভালভাবে আরোহন করেন, তখন ‘আলহামদু লিল্লাহ’ বলেন। তারপর বলেন, سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ * وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ (ঐ সত্তার পবিত্রতা ঘোষনা করছি, যিনি আমাদেরকে এটি বশীভূত করে দিয়েছেন। আমরা অবশ্যই এদের বশীভূতকারী

ছিলাম না। আর নিশ্চয়েই আমরা আমাদের প্রভুর দিকে ফিরে যাবো। –সূরা যখরুফ: ১৩) তারপর তিনি তিনবার ‘আলহামদু লিল্লাহ’, তিনবার ‘আল্লাহু আকবার’ বলেন। তারপর বলেন, سُبْحَانَكَ إِنِّي ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي إِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ (আমি আপনার পবিত্রতা ঘোষনা করছি। নিশ্চয়ই আমি নিজের উপর জুলুম করেছি। অতএব আপনি আমাকে ক্ষমা করে দিন। কেননা নিশ্চয়ই আপনি ছাড়া আর কেউ গোনাহসমূহ ক্ষমা করতে পারে না)। তারপর তিনি হাসেন। তখন আমি বললাম, “হে আমীরুল মুমিনূন, আপনি কেন হাসছেন?” জবাবে তিনি বলেন, “আমি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে সেরকম করতে দেখেছি, যেরকম আমি করেছি। তিনি হাসলে আমি বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি কেন হাসলেন? জবাবে তিনি বলেন, “নিশ্চয়ই তোমার প্রভু তাঁর প্রতি খুশি হন, যখন বান্দা বলে, رَبِّ اغْفِرْ لِي ذُنُوبِي (হে আমার প্রভু, আপনি আমার পাপসমূহ ক্ষমা করে দিন)। মহান আল্লাহ সে সময় বলেন, “আমার বান্দা জেনেছে যে, আমি ছাড়া গোনাহসমূহ কেউ ক্ষমা করতে পারে না।”[1]

## ফুটনোট

[1] আবূ দাঊদ: ২৬০২; মুসনাদ আহমাদ: ১/৯৭; তিরমিযী: ৩৪৪৬; আত তায়ালিসী: ১৩২; নাসাঈ: ৭/৪৩৬; হাকিম: ২/৯৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৩৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আলী ইবনু রাবী'আ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92017

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন